

পাসপোর্ট : প্রাথমিক ইস্যু

১। পাসপোর্টের জন্য আবেদনকারীর যোগ্যতা : বাংলাদেশী নাগরিক ।

২। আবেদন করার প্রয়োজনীয় নথিপত্র :

- ক। পূরণকৃত ডি.আই.পি ফরম-১ এর ০২ (দুই) কপি। ৪র্থ পাতায় প্রত্যায়নকারী কর্তৃক সত্যায়ন করতে হবে।
- খ। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি পূরণকৃত ফরমে আঠা দিয়ে লাগিয়ে সত্যায়িত করতে হবে।
- গ। জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ পত্রের সত্যায়িত ০২ (দুই) কপি।
- ঘ। ডাক্তার, ইঞ্জিনিয়ার, গাড়ীচালক এবং অন্যান্য কারিগরী পেশা সমূহের ক্ষেত্রে পেশাগত সনদ পত্রের সত্যায়িত কপি।
- ঙ। অপ্রাপ্তবয়স্ক (১৫ বছরের কম) আবেদনকারীর ক্ষেত্রে পাসপোর্ট সাইজের ০২ (কপি) ছবি এবং আবেদনকারীর পিতা ও মাতার ০২ (দুই) কপি রঙিন ছবি (৩০/২৫ মিঃ মিঃ) আঠা দিয়ে লাগানোর পর সত্যায়ন করতে হবে।
- চ। অফিসিয়াল পাসপোর্টের ক্ষেত্রে সরকারী আদেশ (জিও) দাখিল করতে হবে।
- ছ। অবসর প্রাপ্তদের ক্ষেত্রে পেনশনবুকের ফটোকপি প্রদান সাপেক্ষে সাধারণ ফি' তে জরুরী সেবা প্রদান করা হবে।

৩। ফি এর পরিমাণ :

- ক। সাধারণ- ৩৪৫০.০০ (তিনি হাজার চারশত পঞ্চাশ টাকা মাত্র)
- খ। জরুরী - ৬৯০০.০০ (ছয় হাজার নয়শত টাকা মাত্র)

৪। ফি জমা করণ : নিম্নোক্ত ব্যাংক সমূহে অনলাইনে টাকা জমা করতে হবে, তবে সোনালী ব্যাংকে অনলাইন ছাড়াও স্বাভাবিক পদ্ধতিতে টাকা জমা করা যাবে :

- ক। ট্রাষ্ট ব্যাংক লিঃ
- খ। ওয়ান ব্যাংক
- গ। ব্যাংক এশিয়া
- ঘ। প্রিমিয়ার ব্যাংক
- ঙ। ঢাকা ব্যাংক